ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২০১৯
জিরানীয়া, ৩ ডিসেম্বর, ২০২৪

**জিরানীয়া মহকুমায় বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের সহায়তা**

সুসংহত উদ্যান পালন উন্নয়ন মিশনে জিরানীয়া মহকুমায় সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের সবজি চাষের সহায়তা দেওয়া হয়েছে। এই কর্মসূচিতে বন্যায় ক্ষতিগ্রস্ত মহকুমার ৩৪৭ জন কৃষককে বিভিন্ন সবজির বীজ ও সহায়ক সামগ্রী দেওয়া হয়েছে। এজন্য ব্যয় হয়েছে ৩ লক্ষ ৪৭ হাজার টাকা। তাছাড়াও সুসংহত উদ্যান পালন উন্নয়ন মিশনে জিরানীয়া মহকুমার ১২৫ জন কৃষককে শীতকালীন সবজি চাষে সহায়তা দেওয়া হয়েছে। এজন্য ব্যয় হয়েছে ১ লক্ষ ৩৯ হাজার টাকা। চলতি অর্থবছরে উদ্যান পালন ও ভূমিসংরক্ষণ কার্যালয়ের পরিকল্পনায় জিরানীয়া মহকুমায় ৪৫ জন ফুল চাষীকে গাঁদা ফুল ও ১০ জন ফুলচাষীকে গোপাল ফুল চাষে সহায়তা দেওয়া হয়েছে। এতে মহকুমার ১০ হেক্টর জমি গাঁদা ফুল ও ২ হেক্টর জমি গোলাপ ফুল চাষের আওয়তায় এসেছে। এজন্য ব্যয় হয়েছে ৩ লক্ষ টাকা। জিরানীয়া কৃষি মহকুমার কৃষি তত্ত্বাবধায়ক সোমেন কুমার দাস এই সংবাদ জানান।

*****